

গত ১০ বছরে কর্মীদের কাছ থেকে তাদের বস'রা \$২০০ মিলিয়ন ডলার চুরি করেছে।

সরকার কর্মীদের পাওনা বকেয়া মজুরি \$৮০ মিলিয়ন ডলার সংগ্রহ করতে ব্যর্থ হয়েছে।

কেন অন্টারিও সরকার আমাদের সুরক্ষার জন্য আরও কঠোর পদক্ষেপ নিচ্ছে না?

আপনি কি জানেন মজুরি চুরি কী?

মজুরি চুরি তখনই ঘটে যখন আমাদের নিয়োগকর্তারা বা বস'রা আমাদের কাজের সমস্ত ঘন্টার জন্য বেতন দেয়না। এটি ঘটে যখন তারা ওভারটাইম, পাবলিক হলিডে পে, ভ্যাকেশন পে বা চাকুরী অবসানের বেতন প্রদান করেন না। এর ফলে কর্মীরা হাজার হাজার ডলার বকেয়া মজুরি হারাতে বাধ্য হয়। জীবনযাত্রার ক্রমবর্ধমান ব্যয়ের সাথে এক সপ্তাহের মজুরি হারানোর অর্থ, কর্মীদেরকে বাসাভাড়া প্রদান করা অথবা তাদের পরিবারের গ্রোসারি বিল মিটানো এই দুয়ের মধ্যে যে কোনো একটিকে দুর্ভাগ্যজনক ভাবে বেছে নিতে হয়।

তার উপর সরকার কর্মীদের চুরি হওয়া মজুরি ফেরত পেতে লড়াই করার বোঝাটা কর্মীদের উপরই চাপিয়ে দেয়। তাই এটি কর্মীদের জন্য একটি বড় ঝুঁকি, কারণ যখন কর্মীরা তাদের হারানো মজুরি ফেরত পেতে লড়াই করেন তখন নিয়োগকর্তারা আইনগত দুর্বলতার কারণে কোনও কারণ না দেখিয়ে অনায়াসে কর্মীদের বরখাস্ত করতে পারেন।

আমরা কারা?

ওয়ার্কাস অ্যাকশন সেন্টার একটি বহু-জাতিগত কর্মী-ভিত্তিক প্রতিষ্ঠান, যা অন্টারিওর কর্মীদের জীবন এবং কাজের অবস্থার উন্নতির জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

অনিশ্চিত কাজের দ্বারা সবচেয়ে বেশি প্রভাবিত কর্মীদের নেতৃত্বে, আমরা অন্টারিও জুড়ে কর্মক্ষেত্রে ন্যায্যতা এবং মর্যাদার জন্য লড়াই করছি।

জাস্টিস ফর ওয়ার্কাস ক্যাম্পেইন একটি অন্টারিও - ভিত্তিক আন্দোলন যা সবার জন্য একটি ভালো কাজের নিশ্চয়তার জন্য লড়াই করে। এর অর্থ হল, শ্রম আইন পরিবর্তন করা যাতে আমাদের সকলের ন্যায্য মজুরি, বেতনভুক্ত অসুস্থতার দিন, সকলের জন্য সমান মর্যাদা এবং আরও অনেক কিছু থাকে।

আমাদের সাথে লড়াইয়ে যোগ দিন!



workersactioncentre.org/wage-theft



মজুরি চুরি বন্ধ করুন



আমাদের বস'রা আমাদের মজুরি চুরি করে।

আমাদের সরকার তা অনুমোদন করে।

আমাদের এখন সময় এসেছে এটা বন্ধ করার।

অন্টারিওর শ্রম আইনগুলি কর্মীদের জন্য কাজ করছে না

নিয়োগকর্তারা কর্মীদের মজুরি চুরি করার জন্য দুর্বল আইনের ফাকফোকর ব্যবহার করেন

আমাদের দুর্বল শ্রম আইনগুলো নিয়োগকর্তাদেরকে স্ব-নিযুক্ত অথবা স্বতন্ত্র ঠিকাদার হিসাবে কর্মরত কর্মীদেরকে ভুল শ্রেণিবদ্ধ করার অনুমতি দিয়ে থাকে, যাতে তারা তাদের মুনাফা বৃদ্ধি করতে পারে এবং অন্টারিওর শ্রম আইনের অধীনে আমাদের অধিকারকে অস্বীকার করতে পারে।

আমাদের দুর্বল আইনগুলি নিয়োগকর্তাদের মজুরি চুরির দায় এড়াতে সাবকন্ট্রাক্টিং, অস্থায়ী সংস্থা এবং ফ্র্যাঞ্চাইজিং কোম্পানি গুলিকে ক্ষমতার অপব্যবহারের অনুমতি দেয়। যা সঠিক এবং ন্যায্য নয়!




মজুরি চুরি বন্ধে আমাদের দাবি

আমাদের আইন সঠিকভাবে প্রয়োগ করুন

- সরকারকে অবশ্যই সক্রিয়ভাবে কর্মক্ষেত্র পরিদর্শন করতে হবে - কর্মীরা অভিযোগ দায়ের করা পর্যন্ত অপেক্ষা করা উচিত নয়।
- মজুরি চুরি করা সব নিয়োগকর্তাকে অবশ্যই জরিমানার মুখোমুখি করতে হবে।
- কর্মীদের অপরিশোধিত মজুরি সুদসহ ক্ষতিপূরণ দিতে হবে।
- নিয়োগকর্তাদের চুরি করা মজুরি কর্মীকে ফেরত দিতে বাধ্য করা। এর অর্থ হল অপরিশোধিত মজুরির আদায়ের জন্য একটি সঠিক পদ্ধতি চালু করা, ব্যবসায়িক লাইসেন্স স্থগিত করা এবং বারবার অপরাধী বসদের জন্য নিরাপত্তা বন্ড সুরক্ষা বন্ড স্থগিত করা।

আমাদের আইন সংশোধন করুন

- সমস্ত কর্মীকে কর্মচারী বলে ধরে নিয়ে ভুল শ্রেণিবিন্যাস রোধ করুন যদি না সংস্থাটি একটি সহজ এবং অ্যাক্সেসযোগ্য পরীক্ষার মাধ্যমে অন্যথায় প্রমাণ করতে পারে।
- ঠিকাদার এবং সাব-কন্ট্রাক্টরদের যৌথভাবে দায়ী করুন যাতে বড় সংস্থাগুলি মজুরি চুরির জন্য জবাবদিহিতা এড়াতে না পারে।



প্রকৃত শক্তি এবং চাকরির সুরক্ষা

- ন্যায়সঙ্গত কারণ সুরক্ষা - যাতে নিয়োগকর্তারা আমাদের কোনও যথাযথ ভাল কারণ না দেখিয়ে আমাদের বরখাস্ত করতে না পারে।
- সমন্বিত কার্যকলাপের জন্য সুরক্ষা: আমাদের চাকরি না হারিয়ে আরও ভাল কাজের অবস্থার জন্য সম্মিলিতভাবে কাজ করার অধিকার।
- আমাদের অধিকার প্রয়োগের জন্য অন্যায়ভাবে বরখাস্ত বা প্রতিশোধ নির্ধারণের জন্য তদন্তের সময় কর্মীদের কাজ চালিয়ে যেতে সক্ষম হওয়া উচিত।

আপনি কি মজুরি চুরির শিকার হচ্ছেন? ওয়ার্কাস অ্যাকশন সেন্টারে (416) 531-0778 নম্বরে কল করুন